শেখ হাসিনার উদ্যোগ

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর
pbs1.jessore.gov.bd

স্মারক নং-২৭.১২.৪১৪৭.৫১০.০২.০০৮.২২.৬২৭০

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাঃ
০১ জুন,২০২২ খ্রিঃ।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স	বেতন স্কেল	জেলা কোটার প্রাপ্যতা না থাকায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।
০১	কুক-কাম কেয়ার টেকার (স্থায়ী ভিত্তিতে)	০১ (এক) টি	১৬/০৬/২০২২২ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছর।	পবিস বেতন কাঠামো'২০১৬ (সংশোধিত ২০২১) অনুযায়ী বেতন স্কেল-১৫,৫০০/= - ৩৯,১৭০/= টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়।	ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীগণকে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.pbs1.jessore.gov.bd)/ বাপবিবোর্ডের ওয়েব সাইট www.reb.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ফরম নং-০১) ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৬/০৬/২০২২খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

০২। **শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতাঃ**
(ক) এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।
(খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।
(গ) প্রার্থীকে অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।
(ঘ) অফিস সহায়ক পদের প্রার্থীকে অবশ্যই বাইসাইকেল চালাতে সক্ষম এবং নিজস্ব বাইসাইকেল থাকতে হবে।
(ঙ) কুক-কাম কেয়ারটেকার পদের প্রার্থীকে প্রতিষ্ঠিত স্বনামধন্য প্রতিষ্ঠানে ন্যুনতম ০৪(চার) বছর কুক এর কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
(চ) ১৬/০৬/২০২২ খ্রিঃ তারিখে উভয় পদের প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছর হতে হবে। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে সেক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৪। **আবেদন পত্রের সংগে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ**
(ক) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান/মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও চারিত্রিক সনদ পত্র।
(খ) সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(গ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) অভিজ্ঞতার সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
(চ) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর এর অনুকূলে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।

অপর পাতা

Rmuf

০৫। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৬। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌছাতে হবে।

০৭। নিয়োগের ক্ষেত্রে সকল ধরনের সরকারী কোটা নীতি অনুসরণ করা হবে।

০৮। নিয়োগকালে শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৯। ইতঃপূর্বে কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারোর উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

১০। অত্র সমিতির বোর্ড পরিচালক/ মহিলা পরিচালক, কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পকীয় কেহ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পকীয় কেহ আবেদন করতে পারবেন না।

১১। প্রার্থীকে বাংলাদেশের যে কোনো পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১২। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোনো প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন সময়ে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব স্যালারী প্যাটার্ণ এর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা হবে।

১৫। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোনো পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোনো জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৬। নতুন পদসৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপারগতা ইত্যাদি কারণে উল্লিখিত যে কোন পদে শূণ্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১৭। খামের উপর প্রার্থীত পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৮। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

১৯। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭/০৬/22

(আবু বকর শিবলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। পরিচালক, পবিস মঃও ব্যঃ পরিচালন (পঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।
০৬। ডিজিএম (সদর-কারিঃ/বাঘারপাড়া/ঝিকরগাছা/চৌগাছা/শার্শা)জোনাল অফিস, যপবিস-১।
০৭। এজিএম (বাগআঁচড়া/বাঁকড়া/রুপদিয়া/খাজুরা/বেনাপোল/পুড়াপাড়া) সাব-জোনাল অফিস, যশোর পবিস-১।
০৮। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), যপবিস-১।
০৯। এজিএম(আইটি), যশোর পবিস-১ **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১০। নোটিশ বোর্ড, যশোর পবিস-১।
১১। অফিস কপি/মাষ্টার কপি।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

(আবু বকর শিবলী) ০৭/০৬/22
জেনারেল ম্যানেজার

Rouf